গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ৯৯৯৮

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ ব:
২৮ মে ২০২৪ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৯-২০২০ ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৩ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষার অংশগ্রহণ করতে পারবে। অনার্স ১ম বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রদানসহ (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি) যাবতীয় কার্যক্রম Online-এ সম্পন্ন করা হবে। উক্ত কোর্সের পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণের সময়সূচি ও আনুষঙ্গিক তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো:

### পরীক্ষার ফরম পূরণের সময়সূচি

| তারিখ | বিষয়ের নাম | সময় | ফরম পূরণের স্থান |
|---|---|---|---|
| ৩০/০৫/২০২৪ হতে ০৯/০৬/২০২৪ পর্যন্ত | সকল বিষয় | সকাল ১০.০০টা থেকে দুপুর ২.০০টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ |

বিভাগ সমূহ থেকে Online-এ ডাটা নিশ্চয়নের প্রিন্টকৃত বিবরণীর মূলকপি (বাঁধাইকৃত) ০১ (এক) সেট ও হিসাব বিবরণী ১১/০৬/২০২৪ তারিখ বেলা ০২.০০ টার মধ্যে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট জমা দিতে হবে।

**১। আবেদন ফরম সংগ্রহ:**

অনার্স-১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিকভাবে পূরণ করে ডাউনলোড-এর মাধ্যমে সংগৃহীত কপি নির্ধারিত ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

**২। পরীক্ষার ফিস জমা:**

**DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:**

(ক) নিয়মিত ছাত্র-ছাত্রী যাদের DBBL মোবাইল এ্যাকাউন্টে আছে তারা নিজেদের একাউন্ট থেকে অথবা এজেন্ট বা অন্য একাউন্ট থেকে ID No. এর বিপরীতে প্রথমে ফরমপূরণের ফি পরিশোধ করবে এবং পরে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup* লিংকে প্রবেশ করে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করে নিবে।

(খ) অনিয়মিত ও বিভাগ উন্নয়ন ছাত্র-ছাত্রীদেরকে ফরমপূরণের ফি পরিশোধ করার পূর্বে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup* লিংকে সরাসরি অথবা *http://rc.gov.bd/admission-formfillup/* লিংকে প্রবেশ করে Click Here বাটনে ক্লিক করার পর Student ID ও Level সিলেক্ট করে Next বাটন চাপতে হবে। এবং শেষে পত্র সংখ্যা নির্বাচন করে Next বাটনে চাপ দিলে ডাচ্-বাংলা ব্যাংকের পেমেন্টের নির্দেশনাযুক্ত একটি পেজ আসবে। তারপর নিচে প্রদত্ব DBBL টাকা পরিশোধের পদ্ধতি অনুযায়ী পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশনযুক্ত পেজটি Refresh করে অথবা পুনরায় উক্ত লিংকে প্রবেশ করে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করতে হবে।

১. **যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান**
২. **পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন**
৩. **নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন**
৪. **অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)**
৫. **Other 0 (Zero) সিলেক্ট করুন**
৬. **রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন**
৭. **Bill No-এ আপনার Class ID (উদাহরণ :2017222135) দিন**
৮. **টাকার পরিমাণ লিখুন**
৯. **চার ডিজিটের PIN টাইপ করুন**
১০. **OK/Send বাটন চাপুন**
১১. **পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ফরম পূরণ সম্পন্ন হবে। এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।**

*** ডাচবাংলা মোবাইল ব্যাংকে ফি পরিশোধ করার পর সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে প্রবেশ করে অথবা *http://rc.edu.bd/admission-form-fillup/* লিংকের Honours Online Admission বাটনে ক্লিক করে নিজ **Student ID** দিয়ে Next বাটনে ক্লিক করে **ফরম ফিল-আপ কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করা যাবে।

## পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত ফিসের বিবরণ

| ক্রঃ নং | পরীক্ষার ফি-এর বিবরণ | | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২৫০/- |
| ২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২০০/- |
| ৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) পরীক্ষার ফি- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২৫০/- |
| ৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>বিশ্ববিদ্যালয়ে জমা হবে-১০০/-<br>কলেজে জমা হবে-২০০/- টাকা | | ৩০০/- |
| ৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | | ৪৫০/- |
| ৬ | কেন্দ্র ফি ব্যবহারিক পরীক্ষার প্রতি কোর্স - কলেজে জমা হবে | | ১৫০/- |
| ৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি-এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | | ৩০০/- |
| ৮ | ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ফি | | ৫০০০/- |
| ৯ | C Promoted শিক্ষার্থীরা বিশেষ অন্তর্ভূক্ত ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী) | | ১০০০/- |
| ১০ | ব্যবস্থাপনা ফি | | ৫০/- |
| ১১ | ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার ফি | প্রথম দিনের জন্য প্রতি পরীক্ষার্থী (মেজর ও নন-মেজর) | ১৩০/- |
| | | পরবর্তী দিনের জন্য প্রতি পরীক্ষার্থী (মেজর ও নন-মেজর) | ৭৫/- |

### ৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:

(ক) স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।

(খ) অনলাইন আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

(গ) ফরমপূরণের আবেদন ফরমের স্টুডেন্ট কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

(ঘ) Confirmation Slip-এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

### ৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২৩ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিত পরীক্ষার্থদের জন্য**

(খ) ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২২ সালের অনার্স ১ম বর্ষে প্রথম বারের মতো পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D"গ্রেড পেয়েছে শুধু তারাই ২০২৩ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ০২ টি পত্রে এবং "F"গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

**গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

(গ) ২০২২ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/ কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ০২ টি পত্রে।

(ঘ) যে সকল শিক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৩ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

(ঙ) সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন $B^{+}$ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

(চ) ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৩ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

### ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধু ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না। কোন শিক্ষার্থী ফরমপূরণ/পরীক্ষায় অংশগ্রহণ/অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

৫। পাঠ্যসূচী: সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ সালের শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৬। পরীক্ষার্থীদের জন্য করণীয় :

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) থেকে আবেদন ফরম Download করার সময় ফরমে নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড(ব্যবহারিকসহ) পূরণ করতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃক পক্ষের মাধ্যমে ফরম বাতিল করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

(গ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

(ঘ) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৭। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (বিভাগের জন্য) :

(ক) যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা (সম্ভাব্য তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nubd.info/honours** -এ রক্ষিত আছে। ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি Online-এ এন্ট্রি করতে হবে। সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/তথ্য প্রযুক্তি দপ্তরে (আইসিটি) যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

(খ) আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা Online-এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

(গ) নিশ্চয়ন সম্পন্ন হলে Online-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্টকপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

(ঘ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি প্রবেশপত্র সংগ্রহের পর নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা লাগিয়ে অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

(ঙ) ১ম বর্ষ অনার্স বিষয়ক পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। সুতরাং যথা সময়ে কলেজকে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

(চ) নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্যজনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

(ছ) আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষরিত হবার পর মূল কপিটি অনার্স বিষয়ওয়ারী আলাদাভাবে বাঁধাই করে কমিটির নিকট জমা দিতে হবে এবং এর ফটোকপি বিভাগে সংরক্ষণ করতে হবে।

৮। ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ :

শিক্ষার্থীদের ফরম পূরণের সময় Software-এর মাধ্যমে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর Online এ প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

৯। ফলাফল: এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১০। পাস নম্বর:

| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) | ৫০ (২ ক্রেডিট) |
|---|---|---|
| পাস নম্বর | 40 | 20 |
| গণনাযোগ্য ক্রেডিট | D | D |

১১। প্রমোশন:

(ক) গ্রেডং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং B.Sc এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে **অন্তত ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।**

(খ) ১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে যে সব কোর্সে ন্যূনতম D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

**উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।**

বি:দ্র:- ১ ফরমপূরণের যাবতীয় ফিস নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য এবং গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের **DBBL** এর মাধ্যমে এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ফরম পূরণের যাবতীয় ফিস রূপালী ব্যাংক লি. কে.এন.আই. রোড শাখা, রাজশাহীতে জমাদানের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

স্বা:
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১১৮৮(৮০)

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ ব:
২৮ মে ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আহ্বায়ক, অনার্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৩, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৫। প্রধান তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, মুসলিম ছাত্রাবাস/ছাত্রীনিবাস/হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী।
৬। ম্যানেজার, DBBL, রাজশাহী।
৭। ম্যানেজার, রূপালী ব্যাংক লি. কে.এন.আই. রোড শাখা, রাজশাহী।
৮। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৯। সংরক্ষণ নথি।

২৮/০৫/২০২৪
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।
২৮/০৫/২০২৪